



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

www.bb.org.bd

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০১৯

তারিখঃ চৈত্র ১৪, ১৪২৫ বঙ্গাব্দ
মার্চ ২৮, ২০১৯ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান,
সোনালী ইনভেস্টমেন্ট লি: এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি:

প্রিয় মহোদয়,

**অন্ট্রাপ্রায়নারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক
এবং আইসিটি প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণ গ্রহণের নিমিত্তে EOI দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গত ০৫ আগস্ট, ২০১৮ খ্রীষ্টাব্দ/ ২১ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার নং-৩৫/২০১৮ ও তদসংযুক্ত "Entrepreneurship Support Fund (ESF)" সংক্রান্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি প্রকল্প সংশ্লিষ্ট নীতিমালা, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইএসএফ অংশীদের স্বার্থ সংরক্ষণার্থে বাস্তবতার নিরিখে উক্ত ESF নীতিমালা, ২০১৮ এর অনুষ্টেদ ২২.৩(ক) ও ২৫.২ এ যথাক্রমে প্রকল্প ভূমি/জমির মূল্য ও প্রকল্প মূল্যায়ন ফি সংক্রান্তে বর্ণিত নির্দেশনায় নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হলঃ

অনুষ্টেদ নং	বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
২২.৩(ক)	-----সরকার কর্তৃক ঘোষিত মৌজা রেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী) অনুসরণে প্রকল্পের ভূমি/জমি মূল্যায়ন করতে হবে।	----- খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত মৌজা রেট (পার্বত্য অঞ্চলে মৌজা রেট না থাকায় প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রকল্প ভূমির মূল্য) বা আইসিবিতে বিদ্যমান কৃষি ভিত্তিক প্রকল্প মূল্যায়ন কমিটি ও মঞ্জুরী বোর্ড কর্তৃক নির্ণেয় মোট প্রকল্প ব্যয়ের ৩০% এর মধ্যে যেটি কম সেটি বিবেচিত হবে।
২৫.২	-----প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের ফি বাবদ সংশ্লিষ্ট মূল্যায়নকারী প্রতিষ্ঠান উদ্যোক্তার নিকট হতে ১.০০(এক) লক্ষ টাকা প্রাপ্য হবে যা উদ্যোক্তার একুইটির অংশে বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে।	-----প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের ফি বাবদ সংশ্লিষ্ট মূল্যায়নকারী প্রতিষ্ঠান উদ্যোক্তার নিকট হতে ১.০০(এক) লক্ষ টাকা প্রাপ্য হবে এবং এ ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক প্রযোজ্য ভ্যাট প্রকল্প কর্তৃপক্ষ বহন করবে যা উদ্যোক্তার একুইটির অংশে বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে।

এ ছাড়া নিম্নোক্ত বিষয়বলীর পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

ক) ইএসএফ সরকারের একটি মহতী উদ্যোগ, এ বিবেচনায় ইএসএফ এর আওতায় স্থাপিতব্য প্রকল্প প্রস্তাবনা অগ্রাধিকার ভিত্তিতে মূল্যায়ন;

খ) ইএসএফ এর আওতায় মঞ্জুরিতব্য প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পভিত্তিক ছায়ানথি (Shadow File) রক্ষনাবেক্ষণের মাধ্যমে ESF সংক্রান্ত যাবতীয় হিসাব পরিচালন;

- গ) বাংলাদেশ ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবী কর্তৃক ভেটিংকৃত Deed of Agreement অনুযায়ী আইসিবি এর সাথে চুক্তিপত্র সম্পাদন;
- ঘ) ইএসএফ ঋণের অর্থ আদায় নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টেশন সম্পাদনের পাশাপাশি প্রয়োজনে উদ্যোক্তাদের সাথে ESF স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলাদা চুক্তি সম্পাদন; ও
- ঙ) ইএসএফ মঞ্জুরিতব্য প্রকল্পসমূহের জন্য পৃথক Financial Institution Code -FI Code (বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ থেকে সংগ্রহ করে) ব্যবহারপূর্বক সিআইবিতে রিপোর্টকরণ।

০৫ আগস্ট, ২০১৮ তারিখের সার্কুলার নং-৩৫/২০১৮ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ ৯৫৩০২১২

e-mail: parimal.chakraborty@bb.org.bd